# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১০১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১৫) কবরে মৃত ব্যক্তির বিভিন্ন অবস্থা - মুসলিম ও কাফির ব্যক্তিকে কবরে প্রবেশ করানোর আগে তারা জানতে পারে যে, পরবর্তীতে তাদের উপর ভালো প্রতিদান নাকি শাস্তি- কী নেমে আসবে মর্মে হাদীস

## 15 ـ فَصلٌ فِي أَحْوَالِ الْمَيِّتِ فِي قَبْرِهِ ـ ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُسْلِمَ وَالْكَافِرَ يَعْرِفَانِ مَا يَحِلُّ بِهِمَا بَعْدُ مِنْ ثَوَابٍ أَوْ عِقَابٍ قَبْلَ أَنْ يُدْخَلَا فِي حُفْرَتِهِمَا

আরবী

3101 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ آدَمَ حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ عَنِ الْمَقْبُرِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مِهْرَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْعَبْدَ إِذَا وُضِعَ عَلَى سَرِيرِهِ يَقُولُ: قَدِّمُونِي قَدِّمُونِي وَإِنَّ الْعَبْدَ إِذَا وُضِعَ عَلَى سَرِيرِهِ يَقُولُ: يَا وَيْلَتِي أَيْنَ تَذْهَبُونَ بِي ـ يريد المسلم والكافر

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3101 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (444).

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: رَوَى هَذَا الْخَبَرَ سَعِيدٌ الْمَقْبُرِيُّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مِهْرَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ فَالطَّرِيقَانِ ـ جَمِيعًا ـ مَحْفُوظَانِ وَمَتْنُ خَبَرِ أَبِي سَعِيدٍ أَتَمُّ مِنْ خَبَرِ أَبِي هُرَيْرَةَ قَدْ ذَكَرْنَاهُ فِي أَوَّلِ هَذَا الباب.

বাংলা

৩১০১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহর বান্দাকে যখন খাটিয়ার উপর রাখা হয়, তখন সে বলে, “আমাকে সামনে নিয়ে চলো। আমাকে সামনে নিয়ে চলো।” অপর কিছু লোককে যখন খাটিয়ার উপর রাখা হয়, তখন সে বলে, “হায়! আমার দুর্ভোগ! তোমরা আমাকে কোথায় নিয়ে যাচ্ছো?”

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দ্বারা মুসলিম ও কাফির ব্যক্তিকে বুঝিয়েছেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি সা‘ঈদ আল মাকবুরী তার বাবার সূত্রে আবূ সাঈদ খুদরী ও আব্দুর রহমান বিন মিহরানের সূত্রে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন। কাজেই দুটো সানাদই মাহফূয বা সহীহ। আর আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের মূল বক্তব্য আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসের মূল অপেক্ষা বেশি পরিপূর্ণ, যা আমরা এই অধ্যায়ের শুরুতে উল্লেখ করেছি।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৭৪; আত তায়ালিসী: ২৩৩৬; নাসাঈ: ৪/৪০-৪১; সুনান বাইহাকী: ৪/২১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন